



জাতীয় বিশ্ববিদ্যালয়

বাংলাদেশ

পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তর

স্মারক নং- (০-৫)/জাতীয়বিঃ/পনি/অফিস আদেশ/২০১২/০৩/ ছ) ০৮

তারিখ: ১৮/০৭/২০২৩

## নির্ধারিত সময়ে পরীক্ষার আবেদন ফরম পূরণ সংক্রান্ত জরুরী নির্দেশনাঃ

সম্প্রতি জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২১ সালের অনার্স ৪র্থ বর্ষ এবং ডিগ্রী (পাস) ২য় বর্ষ পরীক্ষা শুরু হয়েছে। পরীক্ষা শুরুর ৩/৪ দিন আগ থেকে পরীক্ষা শুরুর দিন পর্যন্ত বিভিন্ন কলেজ থেকে পরীক্ষার ফরম পূরণের আবেদন পাওয়া যায়। পরীক্ষা শুরুর পূর্ব মুহূর্তে এমন কি পরীক্ষা শুরুর পরেও ফরম পূরণের আবেদন পাওয়ার প্রবণতা দিন দিন বৃদ্ধি পাচ্ছে। পরীক্ষা শুরুর পূর্ব মুহূর্তে আবেদন ফরম পূরণে পরীক্ষা গ্রহণে বড় ধরনের সমস্যা সৃষ্টি হয়। এর মধ্যে সব থেকে বড় সমস্যা দেখা দেয় প্রশ্নপত্র সংশ্লিষ্ট কেন্দ্রে না যাওয়ায়। এছাড়া নির্ধারিত কারণ ছাড়া তুচ্ছ কারণ দেখিয়ে পরীক্ষা কেন্দ্র পরিবর্তন চেয়ে আবেদনের প্রবণতাও বৃদ্ধি পেয়েছে। এসব কারণে পরীক্ষা গ্রহণে বড় ধরনের সমস্যা সৃষ্টি হচ্ছে। উল্লেখ্য আবেদন ফরম পূরণের নির্ধারিত সময়ের পরে একাধিকবার সময় বৃদ্ধি করা সত্ত্বেও পরীক্ষা শুরুর পূর্ব মুহূর্তে ফরম পূরণের প্রবণতা রোধ করা সম্ভব হচ্ছে না। পরীক্ষার পূর্ব মুহূর্তে ফরম পূরণের কারণ হিসেবে পরীক্ষার্থী ফি জমা দিয়ে আবেদন ফরম কলেজে জমা না দিয়ে চলে যাওয়া, কলেজ কর্তৃক নিশ্চয়ন না করা এবং কলেজের সাথে শিক্ষার্থীদের যোগাযোগ না থাকা প্রধান। শিক্ষার্থীদের ভবিষ্যত বিবেচনা করে মানবিক কারণে শেষ মুহূর্তে পরীক্ষায় অংশগ্রহণের ব্যবস্থা নেওয়া হলেও এ কাজে যথেষ্ট ঝুঁকি এবং পরীক্ষা গ্রহণে সমস্যার সৃষ্টি হয়। সর্বোপরি পরীক্ষা শৃঙ্খলা বিস্থিত হয়।

উপরিউক্ত বিষয়গুলো বিবেচনা করে পরীক্ষার আবেদন ফরম যথাসময়ে পূরণ, ইনকোর্স পরীক্ষা যথাযথভাবে গ্রহণ এবং যথাসময়ে ফরম পূরণের জন্য সংশ্লিষ্ট সকলকে বিনীত অনুরোধ করা হলো। শিক্ষার্থীদের এ মর্মে অবহিত করতে হবে যে, পরীক্ষার্থী হিসেবে ফরম পূরণের জন্য নৃন্যতম ৭৫%-৬৫% ক্লাসে উপস্থিত, ইনকোর্স পরীক্ষায় অংশগ্রহণ এবং যথাসময়ে ফরম পূরণ অবশ্য পূরণীয় শর্ত। যথাসময়ে নির্ভুলভাবে ডাটা এন্ট্রি, নিশ্চয়ন, ইনকোর্স নম্বর এন্ট্রি এবং নির্ধারিত সময়ে সোনালী সেবা সম্পন্ন করা পরীক্ষা কমিটি/কলেজ প্রশাসনের দায়িত্ব। সুষ্ঠুভাবে পরীক্ষা গ্রহণে যথাসময়ে ফরম পূরণ এবং নির্ধারিত সময়ের পর ফরম পূরণের আবেদন না করার জন্য সকল অধ্যক্ষ মহোদয় এবং সংশ্লিষ্ট সকলকে বিনীত অনুরোধ করা হলো। সুষ্ঠুভাবে পরীক্ষা অনুষ্ঠানে সকলের সহযোগিতা একান্তভাবে কামনা করি।

ধন্যবাদাত্তে,

(বদরজ্জামান)

পরীক্ষা নিয়ন্ত্রক

জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।

ফোন: ০২-৯৯৬৬৯১৫১৭

ই-মেইল: controller@nu.ac.bd